

ইতরবিশ্ব

বাংলা উপন্যাস

লেখক: শ্যামল বৈদ্য

পাতা: 279

মূল্য: Rs 200 + 70 (Courier charges)

পটভূমি:

এলাকার সব মানুষ জানে লোকটি বনের পশু পাখির সাথে কথা বলতে পারে। সে ডাকলে পাহাড়ে এমন কোনও প্রাণী নেই যে অমান্য করবে। কিন্তু মানুষটা কম কথা বলে এবং ভীষণ রহস্যময়। মুচি সম্প্রদায়ের এই মানুষটি জড়িবুটি বিক্রি করে চলে। লোকে বলে তার অশুধ নাকি অব্যর্থ। তার বসবাসের জায়গাটিও লোকালয় থেকে দূরে। বাড়িতে এক বুড়ি আছে যে একদম ডাইনির মতো দেখতে। এই বুড়ি এমন বিচ্ছিরি খিস্তি খেউর করে, অবস্থিত মানুষ দেখলে কামড়াতে আসে -- ভয়ে তার বাড়িতে কেউ যায় না। শহরে বাবুরা তাকে নানা খারাপ কাজেও ব্যবহার করে। মানুষ তাকে যেমন ভয় পায় তেমনি ঘৃণাও করে, তাকে কাজে লাগায় কিন্তু তার ছায়া মাড়ায় না। রিসার্চের কাজে এক শহরে মেয়ে ও তার বন্ধু এই রহস্যময় লোকটার সন্ধান পায়। তারাও তাকে ব্যবহার করতে চেয়েছিল। কিন্তু ওরা একদিন আবিষ্কার করে লোকটা জঙ্গলের প্রতিটি পশু পাখির সাথে কথা বলতে পারে। সে জানে প্রকৃতির নানান অশুধি গাছের সন্ধান। তাদের রিসার্চের বিষয়ের সাথে হুবহু মিলে যায় ওই লোকটার জ্ঞান। ওরা তাকে ফলো করতে থাকে। এদিকে কাহিনির মোড়কে তার কাছেই চিকিৎসার জন্য গোপনে ফেলে দিয়ে যায় আরেক শহরে কন্যাকে। এক আদিম মানবের সাথে সভ্যতার তখন থেকে শুরু হয় সংঘাত। অসাধারণ প্রেম এবং ব্রাত্যজনের কথা ও সংস্কৃতি এই উপন্যাসের পাতায় পাতায় ছড়ানো।